# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০২৮

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - মুসাফিরের সওম

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَائِمُ رَمَضَانَ فِي السَّفَرِ كَالْمُفْطِرِ فِي الْحَضَرِ» . رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

২০২৮-[১০] ’আবদুর রহমন ইবনু ’আওফ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রমাযান (রমজান) মাসে সফরের সায়িম, নিজের বাসস্থানে সায়িম না থাকার মতো। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ১৬৬৬, য‘ঈফাহ্ ৪৯৮, য‘ঈফ আত্ তারগীব ৬৪৩। কারণ প্রথমত এর সানাদে বিচ্ছিন্নতা রয়েছে যেহেতু আবূ সালামাহ্ তার পিতা ‘আবদুর রহমান হতে শ্রবণ করেনি। আর দ্বিতীয়ত ‘উসামাহ্ ইবনু যায়দ এর স্মরণশক্তিতে দুর্বলতা রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস থেকে বুঝা যায়, সফর অবস্থায় সিয়াম পালন নিষিদ্ধ যেমন মুকীম অবস্থায় সিয়াম বর্জন নিষিদ্ধ।

হাফেয আসকালানী (রহঃ) বলেন, সফর অবস্থায় সিয়াম পালন না করাই উত্তম। আর এটাই হাদীসের মূল উদ্দেশ্য। আর হাদীসটি যেহেতু য‘ঈফ সেহেতু এটি গ্রহণযোগ্য নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56588

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন